

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

প্রেস বিজ্ঞপ্তি

২১ ডিসেম্বর ২০১৬, বুধবার

অদ্য ২১ ডিসেম্বর ২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন Bangladesh Regional Waterway Transport Project-1 প্রকল্পের অর্থায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির আওতায় বিশ্বব্যাংক ৩৬০ মিলিয়ন মার্কিন ডলার নমনীয় ঋণ সহায়তা প্রদান করবে।

স্বল্প ব্যয়ে সহজ ও পরিবেশ বান্ধব পণ্য সরবরাহ ও যোগাযোগের মাধ্যমে হলো নৌ-পরিবহন। গুরুত্ব বিবেচনায় ঢাকা-আশুগঞ্জ-চট্টগ্রাম নৌ-করিডোর বাংলাদেশের প্রধান অভ্যন্তরীণ নৌ-বাণিজ্যিক রুট যা আঞ্চলিক বাণিজ্য সম্প্রসারণেও গুরুত্বপূর্ণ। ৩০০ কিলোমিটার দৈর্ঘ্যের এ রুটে বরিশালসহ অন্যান্য রুটের সংযোগ রয়েছে (৩০০ কিলোমিটার দৈর্ঘ্যের এ রুটের সাথে সংযুক্ত নারায়নগঞ্জ এবং বরিশাল যুক্ত হলে মোট নৌ-পথের পরিমাণ দাড়ায় ৯০০ কিলোমিটার)। দেশের প্রায় ৮০% অভ্যন্তরীণ-যান এ করিডোরের মধ্য দিয়ে চলাচল করে এবং দৈনিক প্রায় দুই লক্ষ যাত্রী এসব জলপথ ব্যবহার করে। এই পরিপ্রেক্ষিতে ঢাকা-আশুগঞ্জ-চট্টগ্রাম নৌ-রুট-এর সারা বছর ব্যাপী নাব্যতা নিশ্চিতকরণ, করিডোরের উন্নয়ন এবং বিআইডব্লিউটিএ-র প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে Bangladesh Regional Waterway Transport Project-1 শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং জুলাই ২০১৬ হতে জুন ২০২৪ পর্যন্ত প্রকল্পটির মেয়াদ প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটির মাধ্যমে প্রস্তাবিত নৌ-পথের নাব্যতা রক্ষার্থে পারফরমেন্স বেইজড ডেজিং(ক্যাপিটাল ডেজিং ৩৯ লক্ষ ঘনমিটার, মেইটেন্যান্স ডেজিং ১৬৩.৮০ লক্ষ ঘনমিটার) করা হবে এবং প্রকল্পটি বাস্তবায়নের জন্য বিশ্বব্যাংক হতে ৩৬০ মিলিয়ন মার্কিন ডলারের নমনীয় ঋণ পাওয়া যাবে যার মধ্যে IDA Regional Fund হতে ১৯০ মিলিয়ন মার্কিন ডলার এর সংস্থান হবে। উল্লেখ্য যে, IDA Regional Fund প্রচলিত IDA Replenishment এর অতিরিক্ত। যে সমস্ত প্রকল্প হতে কমপক্ষে তিনটি দেশ সুবিধা ভোগ করে সে সমস্ত প্রকল্পে IDA Regional Fund এর মাধ্যমে অর্থায়ন করা হয়। চলতি প্রকল্পের ক্ষেত্রে সুবিধাভোগী দেশসমূহ হচ্ছে বাংলাদেশ, ভারত, ভুটান এবং নেপাল।

আলোচ্য প্রকল্পের জন্য আইডিএ অর্থায়নের ঋণ ৬(ছয়) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৮ বছরে পরিশোধ করতে হবে। এ ঋণের উত্তোলিত অর্থের উপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ এবং অনুত্তোলিত অর্থের উপর ০.৫০% হারে কমিটমেন্ট চার্জ প্রদান করতে হবে। তবে আইডিএ-এর নির্বাহী পরিচালকগণ কর্তৃক প্রতি অর্থবছরে সম্পূর্ণ অথবা আংশিক কমিটমেন্ট ফি মওকুফের বিষয় নির্ধারিত হয়। চলতি অর্থ বছরসহ দীর্ঘদিন ধরে কমিটমেন্ট ফি মওকুফ রয়েছে।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং বিশ্বব্যাংক বাংলাদেশ-এর কান্ট্রি ডিরেক্টর Mr. Qimiao Fan স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিটি স্বাক্ষর করেন।



(জাহিরুল ইসলাম)

সহকারী প্রধান